



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ  
প্রশাসন-১ অধিশাখা



অর্থ বিভাগের সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির  
৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২১) সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব বিশ্বজিৎ ভট্টাচার্য খোকন এনডিসি  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)  
তারিখ ও সময় : ২৭ জুন ২০২১ খ্রি:, সকাল ১০.৩০ টা  
স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের অফিস কক্ষ  
(কক্ষ নং ১৬০৩, ১৬ তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা নিম্নে প্রদান করা হলো:

- (১) মুন্সী আবদুল আহাদ, যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা), অর্থ বিভাগ।
- (২) জনাব আবু দাইয়ান মোহাম্মদ আহসানউল্লাহ, উপসচিব (সাম-পূর্বাভাস), অর্থ বিভাগ।
- (৩) বেগম সুরাইয়া জাহান, উপসচিব, প্রশাসন-১, অর্থ বিভাগ।
- (৪) জনাব মো: আব্দুস সালাম শাহ, সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক গত ০৮/০৬/২০২১ খ্রি: তারিখে হালনাগাদ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সিটিজেন চার্টার ও কার্যক্রম যাচাইপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ এবং ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন বলে তিনি সভায় উল্লেখ করেন। তিনি আরও বলেন যে, হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) কার্যালয়ের সিটিজেন চার্টারটি অনেক আগে আপলোড করা। গত সভার সিদ্ধান্ত মোতাবেক হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) কার্যালয়ের সিটিজেন চার্টারটি হালনাগাদ করার জন্য প্রশাসন-২ অধিশাখাকে গত ০৪/০৪/২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়। কিন্তু দেখা যায় সিটিজেন চার্টারটি অদ্যাবধি হালনাগাদ করা হয়নি।


৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব বেগম সুরাইয়া জাহান অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করে সভায় উপস্থাপিত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২১) সিটিজেন চার্টারটি পুংখানুপুংখ বিচার বিশ্লেষণ করেন। পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, অর্থ বিভাগ সরাসরি কোন জননাগরিককে সেবা প্রদান না করলেও বর্তমানে সরকারি কর্মচারী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মচারী ও সুপ্রীম কোর্টের মাননীয় বিচারকগণকে গৃহ নির্মাণ ঋণের আওতায় এনে ঋণ প্রদানে অর্থ বিভাগ সুদ ভর্তুকি প্রদান করছে। এছাড়া বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরকে দাপ্তরিক সেবা প্রদান করে আসছে। দাপ্তরিক সেবার তালিকায় উল্লিখিত সিটিজেন চার্টারের সেবাসমূহ পর্যালোচনান্তে দেখা যায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, কর্মবন্টন হালনাগাদ করা হয়েছে এবং তানুসারে উক্ত সেবাসমূহ যথাযথ ও নিয়মতিভাবে প্রদান করা হচ্ছে।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- ৪.১। অর্থ বিভাগের নিয়ন্ত্রণাধীন হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) এর কার্যালয়ের বিদ্যমান সিটিজেন চার্টার অর্থ বিভাগ থেকে পত্র দেয়ার পরও হালনাগাদ না করায় অসন্তোষ প্রকাশ করে অবিলম্বে হালনাগাদ করার পুনঃ সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি প্রশাসন-২ অধিশাখা প্রয়োজনীয় তদারকি করবে;
- ৪.২। অর্থ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে সেবা প্রদানের জন্য প্রত্যেক শাখা/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সচেতন থাকতে হবে।
- ৪.৩। প্রতি তিন মাস অন্তর অর্থ বিভাগের সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে।
- ৪.৪। গৃহ নির্মাণ ঋণ কোষ অর্থ বিভাগের একটি গুরুত্বপূর্ণ সেল। অবিলম্বে অর্থ বিভাগের সিটিজেন চার্টারে গৃহ নির্মাণ ঋণ সেলকে অন্তর্ভুক্ত করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
(বিশ্বজিৎ ভট্টাচার্য্য খোকন এনডিসি)  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.৩৬.০০৭.২০ - ৯৯৫

তারিখ : ২৯/০৬/২০২১ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দু: আ: উপসচিব/সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা, পরিবহন পুল ভবন,  
সচিবালয় লিংক রোড, ঢাকা)
- ২। উপসচিব, বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা, অর্থ বিভাগ।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৪। সভায় উপস্থিত কর্মকর্তা....., অর্থ বিভাগ।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।  
(সেবাগ্রহীতাদের অবহিতকরণের জন্য অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।

  
(সুরাইয়া জাহান)  
উপসচিব  
ফোন : ৯৫৭৬০২৩